JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/2/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রাজ্য প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্রের (STATE PREPAREDNESS TRAINING CENTER) কোর্সগুলির মাধ্যমে মনুষ্যবিহীন বিমান সিস্টেমে 500তম শিক্ষার্থীর প্রশিক্ষণ পাবার কথা ঘোষণা করেছেন

2017 সালের সেপ্টেম্বর থেকে ড্রোন অপারেশন সম্বন্ধে প্রশিক্ষণপ্রাপ্ত 500টিরও বেশি সরকারি নিরাপত্তা কর্মকর্তা

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, রাজ্য প্রস্তুতি কেন্দ্রে জনসাধারণের নিরাপত্তা কর্মকাণ্ডের জন্য 500 জনেরো বেশি শিক্ষার্থীকে মনুষ্যবিহীন বিমান সিস্টেম, বা ড্রোনের ব্যবহারে প্রশিক্ষিত করা হয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগটি (Division of Homeland Security and Emergency Services) মনুষ্যবিহীন বিমান সিস্টেম সচেতনতা কর্মশালার সময় (Unmanned Aircraft Systems, UAS) এপ্রিল মাসে মাইলফলকটিতে পৌঁছেছে, যা UAS অপারেশনসের চারটি কোর্সের মধ্যে একটি। কোর্সগুলি কীভাবে জনসাধারণের নিরাপত্তা পরিচালনায় ড্রোনগুলিকে কিভাবে সংহত করতে হয় সে সম্পর্কে জন নিরাপত্তা কর্মকর্তা এবং প্রথম প্রতিক্রিয়ায় জড়িত ব্যক্তিদের শিক্ষিত করতে সহায়তা করে। প্রশিক্ষণ সিজনের বেশিরভাগটাই বাকি থাকা অবস্থায়, বিভাগটী আগামী বছরের মধ্যে উল্লেখযোগ্যভাবে এই সংখ্যাটি বাড়িয়ে তুলতে চায় এবং 2020 সালের মধ্যে আরও কয়েকশো অপারেটরকে প্রশিক্ষণ দেবে।

"ড্রোন সিস্টেমের উন্নয়নে কৌশলগত এবং দেশ-নেতৃস্থানীয় বিনিয়োগের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট রাজ্যের জনসাধারণের নিরাপত্তার ক্রিয়াকলাপগুলিতে এই প্রযুক্তিটি বাস্তবায়ন করতে বিশালভাবে অগ্রসর হয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের বিশ্বমানের রাজ্য প্রস্তুতি কেন্দ্রে উপলব্ধ প্রশিক্ষণগুলি প্রথম প্রতিক্রিয়াকারীদের জরুরি অবস্থার মূল্যায়ন করা এবং কার্যকলাপ ও প্রতিক্রিয়ার পরিকল্পনা ফাইন-টিউন করার জন্য সজ্জিত করে যেমন আগে কখনো করা সম্ভব হয়নি।"

"আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Councils) সভাপতি হিসাবে, আমি উচ্চ প্রযুক্তির ড্রোন শিল্পের বৃদ্ধির জন্য আমাদের কাজের বিবর্তনকে নিজের চোখে দেখেছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই প্রোগ্রামটি মনুষ্যবিহীন বিমান ব্যবস্থা শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতা প্রদান করে যা তাদের প্রয়োজন নিউ ইয়র্ক স্টেটের জনসাধারণের নিরাপত্তাকে অগ্রসর করার জন্য। আমরা কর্মসূচী বজায় রাখার জন্য অঙ্গীকারবদ্ধ এবং অপারেশনগুলির উন্নতিসাধনের জন্য এবং ড্রোন সিস্টেমগুলির উন্নয়নের অগ্রগতির জন্য আরো শিক্ষার্থীদের প্রশিক্ষণ দিচ্ছি।"

"ভবিস্যতে, আরো বেশি জনসাধারণের নিরাপত্তা পেশাদাররা জনসাধারণকে রক্ষা করার জন্য মনুষ্যবিহীন বিমানের ব্যবস্থাগুলি ব্যবহার করবে কারণ তারা অনুসন্ধান ও উদ্ধার, ক্ষতির মূল্যায়ন এবং আগুনের তদন্তের মতো বিভিন্ন ক্ষেত্রে আমাদের কার্যক্ষমতার দক্ষতা বাড়িয়ে দেয়", **নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services) ভারপ্রাপ্ত কমিশনার প্যাট্রিক এ. মারফি বলেন।** "নিউ ইয়র্কের বিশ্বমানের প্রস্তুতি কেন্দ্রে দেওয়া ড্রোন প্রশিক্ষণ প্রোগ্রামটি সম্ভাব্য জীবনরক্ষাকারী ক্রিয়াকলাপগুলি সম্পাদন করার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও শিক্ষা নিয়ে প্রথম প্রতিক্রিয়াকারীদের।"

নিউ ইয়র্ক স্টেট প্রথম প্রতিক্রিয়াকারী সম্প্রদায়ের জন্য UAS প্রশিক্ষণের বিকাশ ও বিতরণের একটি জাতীয় নেতা এবং এই ধরনের একটি প্রোগ্রাম গড়ে তোলার জন্য শুধু কয়েকটি রাজ্যের মধ্যে একটি। নিউ ইয়র্ক স্টেটের দ্বারা তৈরি করা প্রশিক্ষণ প্রোগ্রামটি প্রথম প্রতিক্রিয়াকারী কমিউনিটি জুড়ে খুব উঁচু নজরে দেখা হয় এবং এটি ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (Federal Aviation Administration) দ্বারা সরবরাহিত নির্দেশিকার উপর ভিত্তি করে প্রস্তুত করা। বেশ কয়েকটি রাষ্ট্র ও স্থানীয় এজেন্সি এখন তাদের পাইলটদের এই প্রশিক্ষণ কর্মসূচীটি সম্পন্ন করা বাধ্যতামূলক করছে এজেন্সি ড্রোন অপারেশন পরিচালনা করার আগে।

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবাদির বিভাগ দ্বারা দেওয়া UAS প্রশিক্ষণ কোর্স পাবলিক নিরাপত্তা কর্মকর্তা এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের বিনামূল্যে প্রদান করা হয়। রাজ্য প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্র, নিরাপত্তা ও প্রস্তুতির জাতীয় নিরাপত্তা কেন্দ্র (National Center for Security and Preparedness), এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট কনজারভেশন (New York State Department of Environment Conservation), যা ড্রোন অপারেশনগুলির এক অন্যতম সংস্থা, এদের তৈরি প্রশিক্ষকের একটি দল কোর্সগুলি প্রদান করা হয়।

স্টেট প্রস্তুতি কেন্দ্র মনুষ্যবিহীন বিমান প্রশিক্ষণ কর্মসূচিতে চারটি নব-প্রজুক্তির কোর্স প্রদান করে:

- **UAS সচেতনতা কর্মশালা:** একটি UAS প্রোগ্রামের উন্নয়নের বিবেচনা করে যে পাবলিক নিরাপত্তা সংস্থা, তাদের প্রতিনিধিদের জন্য পরিকল্পিত। UAS অপারেশন, বিধান, চ্যালেঞ্জ, UAS প্রোগ্রাম ম্যানেজমেন্ট এবং কাউন্টার-UAS বিষয়গুলির একটি সার্বিক চিত্র এর অন্তর্ভুক্ত।
- **UAS পার্ট 107 প্রস্তুতি কোর্স:** সম্ভাব্য পাবলিক সেফটি UAS পাইলটদের ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (Federal Aviation Administration, FAA) অংশ 107 পরীক্ষার জন্য প্রস্তুত হবার উদ্দেশ্যে এবং সফলভাবে পাস করার জন্য ডিজাইন করা হয়েছে। পরীক্ষাটি নিরাপদে উড়ন্ত ড্রোনের জন্য প্রবিধান, অপারেটিং প্রয়োজনীয়তা এবং পদ্ধতির উপর তার দৃষ্টি নিবদ্ধ করে।
- **UAS বেসিক অপারেটর কোর্স:** যৌথ গ্রাউন্ড এবং ফ্লাইট স্কুলে নিরাপদ, কার্যকর এবং নৈতিক UAS অপারেশন পরিচালনা করার জন্য অংশগ্রহণকারীদের প্রস্তুত করে। কোর্সের বিষয়গুলির মধ্যে রয়েছে আইনী ও নৈতিক UAS অপারেশন, ফ্লাইট অনুমোদন, ক্রু রিসোর্স ম্যানেজমেন্ট, প্রাক-ফ্লাইট সিদ্ধান্ত গ্রহণ, ঝুঁকির বিশ্লেষণ, মিশন পরিকল্পনা, ফটোগ্রাফি এবং ভিডিও, এবং স্কিল লেনস এবং পরিস্থিতি।

- **UAS উন্নত অপারেটর কোর্স:** ফ্লাইট স্কিলস লেন এবং সিনারিওর মাধ্যমে এবং UAS অপারেটরদের প্রযুক্তিগত দক্ষতা এবং সিদ্ধান্ত নেবার ক্ষমতা উন্নত করার চেষ্টা করে। কোর্সের বিষয়গুলির মধ্যে রয়েছে সীমিত স্থান/প্রযুক্তিগত ফ্লাইট, কম উচ্চতায় ফ্লাইট, পেলোড নিয়োগ এবং উন্নত স্বায়ত্তশাসিত ফ্লাইট ফাংশন।

রাজ্য প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্র সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের বিভাগ দ্বারা পরিচালিত, রাজ্য প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্রে উপলব্ধ প্রচুর প্রশিক্ষণের স্থানগুলি বাস্তব পরিবেশে প্রশিক্ষণ প্রাপ্ত হবার সুযোগ করে দেয় প্রথম প্রতিক্রিয়াকারীদের। 1,100 একর জমিতে অবস্থিত, রাজ্য প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে একটি 45,000-বর্গফুটের সিমুলেটেড শহর, একটি আবাসিক হাউজিং কমপ্লেক্স, ভেঙে যাওয়া বাড়ির ধ্বংসাবশেষ, কাঠের কাঠামো, ট্রেন গাড়ি এবং অন্যান্য সেটিংস রয়েছে। এখন তার 13 তম বছরে পৌঁছে, স্টেট প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্র বছরে আইন বলবতকারী, জরুরী চিকিৎসা সেবা এবং প্রযুক্তিগত উদ্ধার কর্মীদের সহ হাজার হাজার নিউ ইয়র্কের প্রথম প্রতিক্রিয়াকারীদের প্রশিক্ষণ দেয়।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে
স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সন্ত্রাসবাদ, প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরী পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, তৈরি থাকতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য Facebook পৃষ্ঠা দেখুন, Twitter এ @NYSDHSES অনুসরণ করুন, বা dhses.ny.gov দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন